DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) । তৈরি: 15 Aug 2026, 11:42 PM

রাজনীতি

# ১৩৫০ টাকার টিএসপি সার ১৮০০ টাকা, বাকি ৪৫০ টাকা যাচ্ছে কোথায়—প্রশ্ন পাটওয়ারীর

প্রতিবেদক: নিজস্ব প্রতিবেদক
প্রকাশের তারিখ: বুধবার, ১২ আগস্ট ২০২৬, ০৩:০২ PM



ছবি সংগৃহীত

সরকারি নির্ধারিত দামের চেয়ে বেশি দামে কৃষকদের টিএসপি সার কিনতে হচ্ছে—এমন অভিযোগ তুলে ‘সিন্ডিকেটের’ বিষয়ে প্রশ্ন তুলেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী।

বুধবার (১২ আগস্ট) নিজের ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে তিনি দাবি করেন, সরকারি নির্ধারিত দামে টিএসপি সারের প্রতি বস্তার মূল্য ১ হাজার ৩৫০ টাকা হলেও কৃষকদের তা কিনতে হচ্ছে ১ হাজার ৮০০ টাকায়।

নাসীরুদ্দীন পাটওয়ারী লেখেন, ‘টিএসপি সারের সরকারি দাম ১ হাজার ৩৫০ টাকা। কৃষককে কিনতে হচ্ছে ১ হাজার ৮০০ টাকায়!’

প্রতি বস্তায় অতিরিক্ত ৪৫০ টাকা নেওয়ার অভিযোগ তুলে তিনি প্রশ্ন করেন, এই অতিরিক্ত অর্থ কোথায় যাচ্ছে এবং কার পকেটে যাচ্ছে। একই সঙ্গে এই কথিত সিন্ডিকেটের সঙ্গে কারা জড়িত, তা নিয়েও প্রশ্ন তোলেন তিনি।

পোস্টে নাসীরুদ্দীন পাটওয়ারী আরও লেখেন, □অদ্ভুত ব্যাপার হলো, সিন্ডিকেটের কারও নাম নেই, পরিচয় নেই; তারা যেন অদৃশ্য ভূত! কিন্তু এই সিন্ডিকেটের নেপথ্যের হোতা হিসেবে বারবার ভাইয়ার নামই সামনে আসছে।□

পরে পোস্টের মন্তব্যের ঘরে তিনি লেখেন, □সবার আগে সিন্ডিকেট, সবার আগে ভাইয়া। ভাইয়া সিন্ডিকেট রাজ্যে সবাইকে স্বাগত!□

তবে তাঁর পোস্টে ব্যবহৃত □ভাইয়া□ শব্দটি দিয়ে কাকে বোঝানো হয়েছে, সে বিষয়ে কোনো স্পষ্ট ব্যাখ্যা দেননি নাসীরুদ্দীন পাটওয়ারী।

টিএসপি সারের দাম নিয়ে তাঁর উত্থাপিত অভিযোগের বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কোনো বক্তব্য তাৎক্ষণিকভাবে পাওয়া যায়নি।

---

## এ বিভাগের আরও খবর




**৯৮ শতাংশ গ্যাসের নিয়ন্ত্রণ একটি বিশেষ দেশের হাতে তুলে দেন হাসিনা**

চিফ হুইপ মো. নূরুল ইসলাম বলেছেন, বিগত সরকারের সময় দেশের ৯৮ শতাংশ গ্যাসের নিয়ন্ত্রণ একটি বিশেষ দেশের হাতে তুলে দেওয়া হয়েছিল। স্বৈরাচারী সরকার...




**বিদ্যুৎ ও জ্বালানি সংকট, বিশেষ অধিবেশন চেয়ে রাষ্ট্রপতিকে বিরোধীদলীয় নেতার চিঠি**

দেশে চলমান তীব্র বিদ্যুৎ ও জ্বালানি সংকটসহ সার্বিক আর্থ-সামাজিক ও আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি রোধে জাতীয় সংসদের বিশেষ অধিবেশন আহ্বানের অনুরো...



### বিএনপির স্থায়ী কমিটিতে চমক, রিজভী-আমানসহ নতুন দায়িত্বে ৪ নেতা

দলের সাংগঠনিক গতিশীলতা বাড়াতে বিএনপির জাতীয় স্থায়ী কমিটিতে চার নেতাকে সদস্য হিসেবে মনোনীত করা হয়েছে।শনিবার (১৫ আগস্ট) বিএনপির সহ-দফতর সম্পাদ...



### গণতান্ত্রিক রাজনীতির মূল কারিগর ছিলেন খালেদা জিয়া: মির্জা ফখরুল

বিএনপির সদ্য সাবেক মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, গণতান্ত্রিক রাজনীতির মূল কারিগর খালেদা জিয়া। তিনি বাংলাদেশের ভাগ্যের সঙ্গে জড়িয়...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/politics/1350-takar-tiespi-sar-1800-taka-baki-450-taka-jachchhe-kothay-prshn-patoyarir